## ডিপ্লোম ইন ভোকেশনাল টিচার্স ট্রেনিং

বাংলাদেশে ডিপ্লোমা-ইন-ভোকেশনাল টিচার্স ট্রেনিং কোর্সটি একটি উচ্চতর শিক্ষক প্রশিক্ষণ কোর্স। বগুড়াস্থ ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটে অনুষ্ঠত হয়ে থাকে। এই কোর্সের অন্যতম বৈশিষ্ট্য হল আচরণগত ব্যবস্থাপনা, ট্রেন্ড এন্ড ইস্যু এবং সমস্যা সম্পর্কে বিশেষভাবে প্রশিক্ষণ প্রদান করা হয়।

**উদ্দেশ্য**

১. ভোকেশনাল টিচার্স ট্রেনিং এর অন্যতম একটি উদ্দেশ্য হল সমকালীন কিছু সমস্যা সম্পর্কে গভীরভাবে পরীক্ষা নিরিক্ষা করে এর সমাধানের উপায় খুঁজে বের করা।

২. সমকালীন জীবনের চাহিদা পূরণে লক্ষ্যে শিক্ষক বৃন্দকে উচ্চতর প্রশিক্ষণের মাধ্যমে বিষয় জ্ঞান, শিক্ষাদান কৌশল, পেশাগত দৃষ্টিভঙ্গি ও প্রবণতা বৃদ্ধি করা।

৩. এই কোর্সের মাধ্যমে ভোকেশনাল এর ট্রেড বিষয়ে জ্ঞান ও দক্ষতায় বিশেষজ্ঞ তৈরি করা।

**যোগ্যতা**

সর্টিফিকেট-ইন-ভোকেশনাল টিচার্স এডুকেশন সনদ প্রাপ্ত শিক্ষকবৃন্দ ডিপ্লোমা-ইন-ভোকেশনাল টিচার্স এডুকেশন কোর্সে ভর্তি হতে পারেন।

**সময়কাল**

ডিপ্লোমা-ইন-ভোকেশনাল টিচার্স এডুকেশন কোর্সের মেয়াদ কাল হল এক বছর। এটি ৬ মাস মেয়াদী দুইটি সিমেস্টারে বিভক্ত।

**পাঠ্যসূচি ও মানবণ্টন**

ডিপ্লোমা-ইন-ভোকেশনাল টিচার্স এডুকেশনের শিক্ষাক্রম কাঠামো এবং বিষয় ভিত্তিক মান বন্টন নিম্নরূপ:

| ট্রেডের নাম | প্রথম সিমেস্টার | দ্বিতীয় সিমেস্টার |
|---|---|---|
| ১. ট্রেড জ্ঞান ও দক্ষতা | ১৮০ | ২৭০ |
| ২. শিক্ষাদান পদ্ধতি ও মূল্যায়ন কৌশল | ৬০ | ৫৪ |
| ৩. আচরণগত ব্যবস্থাপনা | ৬০ | ৫৪ |
| ৪. পঠন-পাঠন ব্যবস্থাপনা | ৬০ | ৫৪ |
| ৫. ভোকেশনাল প্রশিক্ষণের ইস্যুস ও সমস্যা পর্যলোচনা | - | ৯০ |
| ৬. শিল্প কারখানায় সংযুক্তি প্রশিক্ষণ | ৬ সপ্তাহ | - |
| | ৩৬০+৬ সপ্তাহ | ৫৪০ |

**মূল্যায়ন**

প্রতি সিমেস্টারে তাত্ত্বিক ও ব্যবহারিক উভয় দিক মূল্যায়ন করে চূড়ান্ত ফলাফল নির্ধারণ করা হয়।

## ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশন

ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশন কোর্স টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজে অনুষ্ঠিত হয়ে থাকে। এই ডিপ্লোমা কোর্সটি কেবল কর্মরত পলিটেকনিক ইনস্টিটিউটের বিভিন্ন শাখার শিক্ষকবৃন্দের জন্য প্রণীত। ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশনের সামগ্রিক শিক্ষাক্রম নিম্নে সংক্ষেপে ধারাবহিকভাবে আলোচনা করা হল:

**উদ্দেশ্য**

১. টেকনিক্যাল শিক্ষকবৃন্দের বিষয়গত জ্ঞান বৃদ্ধি ও হালফিলকরণ।
২. কর্মশালা ও পরীক্ষাগার সম্বন্ধে উচ্চতর জ্ঞানদান ও কর্মদক্ষতা বৃদ্ধিকরণ ।
৩. শিক্ষা সম্বন্ধে নিবিড় প্রশিক্ষণের মাধ্যমে শ্রেণি পাঠদানের গুণগত মান বৃদ্ধিকরণ।
৪. কারিগরি শিক্ষা সম্বন্ধীয় লাগসই পেশাগত জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি গড়ে তোলা।
৫. ব্যক্তি বিশেষের প্রবণতা ও ভবিষৎ চাহিদা অনুসারে পেশাগত দক্ষতার ঠিকানা সাধন।

**ভর্তির যোগ্যতা**

ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশন কোর্সে ভর্তির সর্বনিম্ন যোগ্যতা হল:

১. কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন পলিটেকনিক ইনস্টিটিউটে কর্মরত শিক্ষকগণ এই কোর্সে ভর্তিযোগ্য অর্থাৎ তিন বছর মেয়াদী পলিটেকনিক থেকে বিভিন্ন শাখায় ডিপ্লোমাধারী ও কর্মরত শিক্ষক।

**কোর্সের মেয়াদকাল**

ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশন কোর্সের মেয়াদ হল এক বছর এবং ৬ মাস মেয়াদী দুইটি সিমেস্টারে বিভক্ত।

**শিক্ষাক্রম কাঠামো**

ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশন সম্বন্ধীয় শিক্ষক প্রশিক্ষণ কোর্সটি ১৪টি বিষয় নিয়ে গঠিত তন্মধ্যে ৭টি বিষয় শিক্ষাদান পদ্ধতি, মূল্যায়ন, শিক্ষা মনোবিজ্ঞান শিক্ষা উপকরণ ইত্যাদি সম্বন্ধীয় এবং অবশিষ্ট কোর্সগুলো সংশ্লিষ্ট বিষয়ের জ্ঞান বৃদ্ধি ও হালফিলকরণ সম্বন্ধীয়। পরবর্তী পৃষ্ঠায় সিমেস্টার ভিত্তিক কোর্স কাঠামো মানবন্টনসহ বিবরণ দেওয়া হল:

**প্রথম সিমেস্টার**

| বিষয় | তাত্ত্বিক পিরিয়ড | ব্যবহারিক পিরিয়ড | মোট নম্বর |
|---|---|---|---|
| ১. ফলিত গণিত | ২ | ৩ | ১৫০ |
| ২. ফলিত বিজ্ঞান | ২ | ৩ | ১৫০ |
| ৩. পাঠ সম্বন্ধীয় পরিকল্পনা | ২ | ২ | ১৫০ |
| ৪. শিখন শেখানো তত্ত্ব | ২ | ২ | ১৫০ |
| ৫. শিখন শেখানো পদ্ধতি | ২ | ৩ | ১৫০ |
| ৬. শিখন তথ্য ও উৎস | ১ | ৩ | ১০০ |
| ৭. টেকনোলজি বিষয়- ও | ৩ | ৩ | ২০০ |
| | ১৪ ঘন্টা/সপ্তাহ | ১৯ ঘণ্টা/সপ্তাহ | মোট ১০৫০ নম্বর |

**দ্বিতীয় সিমেস্টার**

| বিষয় | তাত্ত্বিক পিরিয়ড | ব্যবহারিক পিরিয়ড | মোট নম্বর |
|---|---|---|---|
| ১. অভীক্ষা ও মূল্যায়ন | ২ | ৩ | ১৫০ |
| ২. বাংলাদেশের কারিগরি শিক্ষা | ১ | ২ | ১০০ |
| ৩. শিক্ষাক্রম নকশা ও প্রণয়ন/উন্নয়ন | ৩ | ২ | ২০০ |
| ৪. টেকনোলজী বিষয়- II | ৩ | ৩ | ২০০ |
| ৫. টেকনোলজী বিষয়- III | ৩ | ৩ | ২০০ |
| ৬. অনুশীলনী পাঠদান | - | - | **২০০ |
| | ১২ ঘন্ট/সপ্তাহ | ১৩ ঘন্টা/সপ্তাহ +অনুশীলনী পাঠদান | মোট ১০৫০ নম্বর |

** প্রশিক্ষণার্থী তাঁর নির্বাচিত বিষয়ে সংশ্লিষ্ট পলিটেকনিক ইনস্টিটিউটে ৩-৪ সপ্তাহ ব্যাপী অনুশীলনী পাঠদান করতে হয়।

**মূল্যায়ন**

প্রত্যেক বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক উভয় ক্ষেত্রে শতকরা ৪০ নম্বর পাস নম্বর হিসেবে নির্ধারিত এছাড়া পরীক্ষার ফল সম্মান (৭৫% ও তদুর্ধ), প্রথম বিভাগ (৬০%) দ্বিতীয় বিভাগ (৪০% ও তার বেশি)।

## বি.এসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন

কারিগরি শিক্ষায় বি.এসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন কোর্সটি জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষা অনুষদের আওতাভুক্ত। এই ডিগ্রী কোর্সটি টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ পরিচলনা করে থাকে। এটি কারিগরি শিক্ষার শিক্ষক প্রশিক্ষণের একমাত্র ব্যাচেলার অব সায়েন্স এণ্ড টেকনিক্যাল এডুকেশন ডিগ্রী আমাদের দেশে প্রদান করা হয়ে থাকে।

**উদ্দেশ্য**

১. কারিগরি শিক্ষায় উচ্চতর প্রশিক্ষণের মাধ্যমে বিশেষজ্ঞ শিক্ষক তৈরি করা।
২. কারিগরি শিক্ষা ক্ষেত্রের জন্য গবেষক, পরিকল্পনাবিদ ও কারিগরি শিক্ষা ব্যবস্থাপক তৈরি করা।

**মেয়াদকাল**

বি.এসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন কোর্সটি দুই বছর মেয়াদী। এই কোর্সের প্রথম বছর মোট ৯০০নম্বর এবং দ্বিতীয় বছরে ১১০০ নম্বরের পরীক্ষা হয়।

**পাঠ্যসূচি**

(১) বি.এসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন প্রোগ্রামের প্রথম বর্ষের কোর্স বিভাজন নিম্নরূপ:

- শিক্ষা সম্বন্ধীয় বিষয় বস্তুর মোট প্রোগ্রামের- ২৭.৭৭%
- সাধারণ বিষয় মোট প্রোগ্রামের - ৩৮.৪৪%
- বিশেষ বিষয় মোট প্রোগ্রামের - ৩৩.৩৫%

(২) বি.এসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন প্রোগ্রামের দ্বিতীয় বর্ষের কোর্স বিভাজন নিম্নরূপ:

- শিক্ষা সম্বন্ধীয় বিষয়বস্তুর পরিমাণ মোট প্রোগ্রামের- ১৮.১৮
- সাধারণ বিষয়ের পরিমাণ - ৩৬.৩৬%
- বিশেষ বিষয় - ৪৫.৪৬%

(৩) বি.এসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন কোর্সর প্রথম ও দ্বিতীয় বর্ষের পাঠ্যসূচি ও নম্বর বন্টনের বিভাজন নিম্নে উপস্থাপন করা হল:

**প্রথম বর্ষ**

| বিষয়ের নাম | সপ্তাহের পিরিয়ড সংখ্যা | | | পরীক্ষার নম্বর বন্টন | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| | তাত্ত্বিক | ব্যবহারিক | মোট | কলেজ রেকর্ড | চূড়ান্ত তাত্ত্বিক | মৌখিক | |
| ১. শিক্ষানীতি | ৩ | ০ | ৩ | ৫০ | ৫০ | - | ১০০ |
| ২. শিক্ষাক্রম ও শিক্ষা উপকরণ | ২ | ২ | ৪ | ৫০ | ৫০ | - | ১০০ |
| ৩. শিক্ষা মনোবিজ্ঞান | ১ | ০ | ১ | - | ৫০ | - | ৫০ |
| ৪. শিক্ষানীতি | ২ | ০ | ২ | ২৫ | ৭৫ | - | ১০০ |
| ৫. গণিত | ৩ | ২ | ৫ | ৫০ | ১০০ | - | ১৫০ |
| ৬. প্রকৌশল পদার্থ বিদ্যা | ২ | ৩ | ৫ | ৫০ | ৫০ | - | ১০০ |
| | ১৩ | ৭ | ২০ | ২২৫ | ৩৭৫ | - | ৬০০ |
| ৭. যে কোন একটি বিভাগ নির্বাচন করতে হবে<br>(ক) পুরকৌশল বিভাগ<br>(খ) তড়িৎ কৌশল বিভাগ<br>(গ) যন্ত্রকৌশল বিভাগ | ৪ | ৬ | ১০ | ১৫০ | ১৫০ | - | ৩০০ |
| | ১৭ | ১৩ | ৩০ | ৩৭৫ | ৫২৫ | - | ৯০০ |

**দ্বিতীয় বর্ষ**

| বিষয়ের নাম | সপ্তাহের পিরিয়ড সংখ্যা | | | পরীক্ষার নম্বর বন্টন | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| | তাত্ত্বিক | ব্যবহারিক | মোট | কলেজ রেকর্ড | চূড়ান্ত তাত্ত্বিক | মৌখিক | |
| ১. শিক্ষা মূল্যায়ন ও নির্দেশনা | ২ | ২ | ৪ | ৫০ | ৫২ | - | ১০০ |
| ২. অনুশীলনী পাঠ | - | - | - | ১০০ | - | - | ১০০ |
| ৩. বাংলা | ৩ | ০ | ৩ | ২৫ | ৭৫ | - | ১০০ |
| ৪. ইংলিশ | ১ | - | ১ | - | ৫০ | - | ৫০ |
| ৫. প্রকৌশল কেমিস্ট্রি | | | | | | | |
| | ৮ | ৫ | ১৩ | | ২২৫ | ২২৫ | ৪৫০ |
| ৬. যে কোন একটি বিভাগ নির্বাচন করতে হবে; (ক) পুরকৌশল, (খ) তড়িৎ কৌশল, (গ) যন্ত্রকৌশল | ৬ | ১২ | ১৮ | ৩৭৫ | ২২৫ | ১০০ | ৬৫০ |
| | ১৪ | ১৭ | ৩১ | ৬০০ | ৪০০ | ১০০ | ১১০০ |

## পাঠোত্তর মূল্যায়ন- ১৫.৪

### অ) সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন

১. ভোকেশনাল শিক্ষক প্রশিক্ষণের উদ্দেশ্য কি কি?

২. ভোকেশনাল শিক্ষক প্রশিক্ষণের শ্রেণি বিভাগ উল্লেখ করুন।

৩. সার্টিফিকেট-ইন-ভোকেশনাল টিচার্স ট্রেনিং-এর শিক্ষাক্রমের পরিচিতি লিখুন।

৪. ডিপ্লোমা-ইন-ভোকেশনাল টিচার্স ট্রেনিং-এর উদ্দেশ্য কি কি?

৫. ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশনের শিক্ষাক্রম কাঠামোর বিবরণ দিন।

৬. বি.এসসি-ইন-টেকনিক্যাল এডুকেশনের পাঠ্যসূচির পরিচিতি দিন।